গাংনীতে ফিজিক্স অলিম্পিয়াড অনুষ্ঠিত

সায়েন্স স্কোয়াড গাংনীর আয়োজনে ফিজিক্স অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়েছে। গত শনিবার বিআর লাইসিয়াম স্কুল অ্যান্ড কলেজে অনুষ্ঠিত হয়েছে এ অলিম্পিয়াড।

অনুষ্ঠানে বিশিষ্ট নারী নেত্রী ও বি আর লাইসিয়াম স্কুল অ্যান্ড কলেজের সভাপতি নুরজাহান বেগমের সভাপতিত্বে এবং দৈনিক লাখোকন্ঠের জেলা প্রতিনিধি সাংবাদিক রফিকুল আলম বকুলের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী পৌরসভার মেয়র আহমেদ আলী।

বিশেষ অতিথি ছিলেন গাংনী সরকারী ডিগ্রি কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ খোরশেদ আলম, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান, গাংনী টেকনিক্যাল এন্ড বি এম কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন, গংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, ধানখোলা টেকনিক্যাল এন্ড বি এম কলেজের অধ্যক্ষ মাহফুজুর রহমান শিলন, বঙ্গবন্ধু কলেজের সহকারী অধ্যাপক কামরুজ্জামান, রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান, বিআর লাইসিয়াম স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডির সদস্য বশির আহমেদ, বিআর লাইসিয়াম স্কুল অ্যান্ড কলেজের পরিচালক বাদশা মিয়া

সকালে শিক্ষার্থীদের স্পট রেজিষ্টেশন, রিপোর্টিং, উদ্বোধনী পর্ব ও বক্তব্য, ফিজিক্স অলিম্পিয়াডের পরীক্ষা, স্পট কুইজ ও রুবিক্স প্রতিযোগিতা এবং চুড়ান্ত বিজয়ী শিক্ষার্থীদের পরীক্ষার ফলাফল প্রকাশ ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয় ।

অনষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সায়েন্স স্কোয়াডের অন্যতম সদস্য ফেরদৌস আল আমিন । অনুষ্ঠানে শুরুতে পবিত্র কুরআন তেলাওয়াত করেন শাহরিয়ার ইমন রেজা। অনুষ্ঠানে সমাপনী বক্তব্য রাখেন সংগঠনের অন্যতম সদস্য আফ্রিদি আহমেদ। অনুষ্ঠানে প্রায় ৪৫০ শিক্ষার্থী রেজিষ্ট্রেশন ও পরীক্ষায় অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে ক্যাটাগরি এ তে ৬ষ্ঠ থেকে ৮ম ক্যাটাগরি বি ৯ম থেকে ১০ম এবং ক্যাটাগরি সি একাদশ থেকে দ্বাদশ এ পুরষ্কার ও সার্টিফিকেট

প্রদান করা হয়। এছাড়া স্পট কুইজ সহ একাধিক ইভেন্টে পুরষ্কার বিতরণ করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র আহমেদ আলী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন,বিজ্ঞান ভীতি দুর করতে এবং ফিজিক্সের বিভিন্ন সমস্যা সমাধানে ফিজিক্স অলিম্পিয়াড শিক্ষার্থীদের উপকার হবে জানান। তিনি গাংনী তথা মেহেরপুর কে জাতীয় পর্যায়ে তুলে ধরতে এ ধরনের উদ্যোগের প্রশংসা করেন।

আমঝুপিতে উপজেলা ডাইলগ সভা ও মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত

শিক্ষা বিষয়ক গ্লোবাল অ্যাকশন উইক ফর এডুকেশন-২০২৪ উদযাপন উপলক্ষে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে গত বুধবার সকাল ১০ টার সময় উপজেলা ডায়লগ সভা ও মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এ সভার আয়োজন করে।

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি সাইদুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন স্থানীয় সরকারের উপ-পরিচালক মোঃ শামীম হোসেন।

বিশেষ অতিথি ছিলেন সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ আতাউর রহমান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

এবারের শিক্ষা বিষয়ক গ্লোবাল অ্যাকশন সপ্তাহের থিম হচ্ছে-Transformative Education! (শিক্ষায় রূপান্তর)। শিক্ষার রয়েছে বাস্তবতাকে রূপান্তরিত করার বিশাল ক্ষমতা। জিসিই-এর মূল এডভোকেসি হচ্ছে, রূপান্তরমূলক শিক্ষার সমর্থনে কাজ করা। বক্তারা রূপান্তমূলক শিক্ষা সামাজিক ন্যায়বিচার, টেকসই উন্নয়ন এবং

ব্যক্তি ও সমষ্টিগত স্বাধীনতাকে চালিত করে। শিক্ষা বিস্তারের মাধ্যমে শান্তি, মূল্যবোধ, জ্ঞান, দৃষ্টিভঙ্গি, দক্ষতা, আচরণ গড়ে তোলার জন্য নিজেকে ও অন্যদের উন্নয়ন এবং পরিবেশের উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপুর্ণ অবদান রাখতে পারবে বলে জানান।

“এ বিষয়ে উন্মুক্ত আলোচনা করেন শিক্ষক আবু লায়েছ, সমাজসেবক আ: রকিব, পৌর কাউন্সিলর আ: রহিমসহ বিভিন্ন শ্রেণী পেশার ৫৫জন প্রতিনিধি উপস্থিত ছিলেন।

মানবাধীকার কর্মী মোছাঃ কাজল রেখার সঞ্চারনায় অনুষ্ঠানে কী-নোট পেপার পাঠ করেন মউক এর প্রোগ্রাম অফিসার রিচার্ড রিমন মন্ডল।

সম্প্রীতির গাংনী গড়তে মতবিনিময় সভা অনুষ্ঠিত

পিস ফ্যাসিলেটর গ্রুপ (পিএফজি) গাংনীর আয়োজনে এবং দি হাঙ্গার প্রজেক্টের সহযোগিতায় অনুষ্ঠিত হয়েছে সম্প্রীতির মিলন মেলা।

সম্প্রীতির গাংনী গড়তে আজ বুধবার সকাল ১১ টার সময় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে গাংনী উপজেলার রাজনৈতিক দলগুলোর প্রতিনিধি, সুশীল সমাজের প্রতিনিধি, সরকারি কর্মকর্তা, সাংবাদিক, ধর্মীয় নেতা, আগামী ২১ মে দ্বিতীয় ধাপে অনুষ্ঠিতব্য উপজেলা পরিষদ নির্বাচনে অংশগ্রহণকারী চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান পুরুষ ও ভাইস চেয়ারম্যান মহিলা প্রার্থী সহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়েছে এ মিলনমেলা ।

গাংনী প্রেসক্লাবের সভাপতি ও অনুষ্ঠানের আহবায়ক সাংবাদিক তৌহিদ উদ দৌলা রেজার সভাপতিত্বে এবং পিএসজি গাংনী উপজেলা সমন্বয়ককারী সাংবাদিক রফিকুল আলম বকুলের সঞ্চালনায় অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পরিষদ চেয়ারম্যান প্রার্থী ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, গাংনী থানা অফিসার ইনচার্জ তাজুল ইসলাম, সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম, দি হাঙ্গার প্রজেক্টের আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম, গাংনী

প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম, বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক, সাবেক সমন্বয়কারী আবু সাদাত মোঃ সায়েম পল্টু, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু, মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনী মোবারক, উপজেলা শিক্ষা অফিসার নাসিরুদ্দিন, গাংনী মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মহিবুর রহমান মিন্টু, উপজেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক ও হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, গাংনী কেন্দ্রীয় জামে মসজিদের পেশ ইমাম ও খতিব হাফেজ রুহুল আমিন, উপজেলা মডেল মসজিদের পেশ ইমাম জাহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান প্রার্থী জাকিয়া আক্তার আল্পনা, গাংনী প্রেসক্লাবের সহ-সভাপতি মজনুর রহমান আকাশ আকাশ, সাংবাদিক জুলফিকার আলি কানন, গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা বাজার কমিটির সভাপতি ইন্জিনিয়ার সালাউদ্দিন শাওন, যশোর অফিসের টিএইচপি গিয়াসউদ্দিন, গাংনী অফিসের টিএইচপি হেলালউদ্দীন, অনুষ্ঠানে বক্তারা সম্প্রীতির গাংনী গড়তে এবং আগামী উপজেলা পরিষদ নির্বাচনের আগে ও নির্বাচন পরবর্তী বিভিন্ন রকম সহিংসতা ও কালোটাকা পেশীশক্তিমুক্ত নির্বাচন ও সুষ্ঠু এবং শান্তিপূর্ণ নির্বাচন করার জন্য বিভিন্ন সুপারিশ করেন। নির্বাচন ইস্যুতে সকল প্রার্থী যাতে এক টেবিলে কাজ করতে পারে ও বসতে পারে তার জন্য সুপারিশ করেন। ভবিষ্যতে আরও এ ধরণের আয়োজের জন্য বক্তারা সুপারিশ করেন। সকল দলের প্রার্থী ও দলের প্রতিনিধিদের এক টেবিলে বসার ব্যবস্থা করার জন্য পিএফজি কে ধন্যবাদ জানান।

আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের দলীয় কার্যলয়ে ১৭ এপ্রিল মুজিবনগর দিবস উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

প্রস্তুতি সভায় আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি বীর

মুক্তিযোদ্ধা মতিউর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক চেয়ারম্যান মরহুম বোরহান উদ্দিনের জেষ্ঠ পুত্র মো: সেলিম রেজা।

প্রধান অতিথি সেলিম রেজা, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক আনোয়ার সাদা, ইউনিয়ন আওয়ামী লীগের সভা সভাপতি জাকির হোসেন টলি, ইউনিয়ন স্বেচ্ছাসেবকের সভাপতি মিনারুল ইসলাম, মৃত বোরহান উদ্দিন চেয়ারম্যান এর জন্য ১ মিনিট নিরবতা পালন করে অনুষ্ঠান শুরু করেন।

ইউনিয়ন আওয়ামী লীগ, ওয়ার্ড আওয়ামী লীগ ও ইউনিয়ন কৃষক লীগের সভাপতি-সাধারন সম্পাদক, স্বেচ্ছাসেবকের সভাপতি-সাধারন সম্পাদক ও ওয়ার্ডের সভাপতি-সাধারন সম্পাদক প্রধান অতিথি মতবিনিময় করেন।

মুজিবনগর দিবস উপলক্ষে প্রধান অতিথি বলেন আমাদের বর্তমান সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ যে ভাবে এগিয়ে নিয়ে যাচ্ছে। আমরা শেখ হাসিনা এবং জাতির পিতা বঙ্গবন্ধুর দেখানো পথ ধরেই আমরা এগিয়ে যাবো। এবং আমার আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের অঙ্গ সংগঠন সহ মুজিবনগর দিবসে এক সাথে যাবো।

মুজিবনগর দিবস উপলক্ষে বক্তব্য রাখেন ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারন সম্পাদক আনারুল ইসলাম, ৩ ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য মো: আব্বাস উদ্দিন, ৯ নং ওয়ার্ডের সভাপতি আব্দুল কাদের, ৮ নং ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য মুশিউর রহমান ডাবলু, ৪ নং ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য আলফাজ হোসেন, ৪নং ওয়ার্ডের সভাপতি আসাদুল হক মন্টু, ৬ নং ওয়ার্ডের সাধারন সম্পাদক শাফায়ত হোসেন, ৫ নং ওয়ার্ডের সাধারন সম্পাদক শহিদ।

মশিউর রহমান ডাবলু সঞ্চালনায় আরো বক্তব্য রাখেন ইউপি সদস্য আবুল কাসেম, ৭ নং ওয়ার্ডের উহাই দুল রহমান বল্টু।

মুজিবনগরে বর্ণাঢ্য আয়োজনে

বাংলা নবর্ষবরণ অনুষ্ঠিত

“মুছে যাক গ্লানি ঘুছে যাক জরা, অগ্নিস্নানে শুচি হোক ধরা” এই আহ্বানে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে,মঙ্গলশোভা যাত্রা, পান্তা, উৎসব,সাংস্কৃতি অনুষ্ঠান সহ নানা কর্মসূচীর মধ্য দিয়ে পহেলা বৈশাখ (বর্ষবরণ) অনুষ্ঠিত হয়েছে। বিগত দিনের স্মৃতিকে বিদায় দিয়ে আজ রবিবার (১৪ এপ্রিল) থেকে শুরু হলো ১৪৩১ বঙ্গাব্দের বর্ষপুঞ্জির গণনা।

বর্ষবরণ উপলক্ষে সকালে উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম এর নেতৃত্বে একটি বর্ণাঢ্য মঙ্গলশোভা যাত্রা বের হয়। শোভাযাত্রায় হরেকরকম সাজে নানা শ্রেনিপেশার মানুষ অংশ নেয়।

গরুর গাড়ীসহ নানা ধরণের প্লাকার্ড ও কাঁসা-বাঁশি, ঢোল বাজিয়ে শোভাযাত্রাটি মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয় থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদঙ্গিণ করে উপজেলা পরিষদে এসে শেষ হয়। পরে সেখানে বৈশাখী মঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পান্তা উৎসব অনুষ্ঠিত হয়।

মঙ্গলশোভা যাত্রা,সাংস্কৃতিক অনুষ্ঠান ও পান্তা উৎসবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম,সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন, মুজিবনগর থানা অফিসার ইনচার্য (ওসি) উজ্বল কুমার দত্ত, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, উপজেলা পিআইও মাশরুবা আলম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিবউদ্দীন, মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, উপজেলা পরিষদের কর্মকর্তা কর্মচারী বিভিন্ন স্কুলের শিক্ষক শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ ও নানা শ্রেণী পেশার মানুষ বর্ষবরণ অনুষ্ঠানে অংশগ্রহণ করে।

গাংনীতে চৈত্র সংক্রান্তীতে আয়

বাঙ্গালী, খাই বাঙ্গালী অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে বৃহত্তর কুষ্টিয়া জেলা লেখক পাঠক ফোরামের আয়োজনে চৈত্র সংক্রান্তীতে আয় বাঙ্গালী, খাই বাঙ্গালী অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকালে গাংনী ফুলকুড়ি স্কুলে বৃহত্তর কুষ্টিয়া জেলা লেখক পাঠক ফোরামের সভাপতি সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলামের সভাপতিত্বে এবং সাংবাদিক রফিকুল আলম বকুলের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, ও থানা অফিসার ইনচার্জ (ওসি) তাজুল ইসলাম।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার আব্দুল্লাহ আল মারুফ,উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সাইদুর রহমান, গাংনী মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মহিূুর রহমান মিন্টু, গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, সাংস্কৃতিক কর্মী হামিদুল হক হিল্লোল, জাগো মেহেরপুরের অন্যতম কর্ণধার শোয়েব রহমান, সাবেক কাউন্সিলর ও প্যানেল মেয়র নবীরুদ্দীন, বিশিষ্ট ব্যবসায়ী শহিদুল ইসলাম শাহ, উপজেলা যুব লীগের সাধারণ সম্পাদক প্রভাষক শফি কামাল পলাশ, সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম, সুর্যোদয় পত্রিকার সম্পাদক আবুল কাশেম অনুরাগী, গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা, ফুলকুড়ি স্কুলের প্রধান শিক্ষক বদরুদ্দোজা লাল্টু, সাংবাদিক জুলফিকার আলী কানন, সাংস্কৃতিক ব্যক্তিত্ব আজিজুল ইসলাম রানু, জাহাঙ্গীর আলম। অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসারের বাবা মা ও স্ত্রী উপস্থিত হওয়ার অনুষ্ঠান আরও প্রাণবন্ত হয়।

অনুষ্ঠানে গ্রামীণ বিভিন্ন রকম খাবার বিশেষ করে চিড়া দই, রসগোল্লা সহ বিভিন্ন রকম পিঠা উপস্থিত সবাইকে খাওয়ানো হয়। করোনার পৃর্বে এ অনুষ্ঠানটি চালু ছিল আনখা নামে। করোনা

মহামারির কারণে বেশ কয়েক বছর অনুষ্ঠানটি বন্ধ থাকলেও এবার আবার নুতন করে বাংলা বছরের শেষ দিনে চৈত্র সংক্রান্তিতে গাংনীতে আয় বাঙ্গালী, খাই বাঙ্গালি শিরোনামে একটা চমৎকার ও প্রাণবন্ত অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে বিভিন্ন শ্রেণি পেশার মানুষ পরিবারসহ এবং সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়া করে এমন অনেক শিক্ষার্থী ও ফুলকুড়ির সাবেক শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। উপস্থিত সবাই এ জাতীয় একটি অনুষ্ঠান করায় অনুষ্ঠানের উদ্যোক্তাদের ধন্যবাদ জানান। অনুষ্ঠানে সবাই উপস্থিত হয়ে উচ্ছাস প্রকাশ করেন। বাঙালির হারিয়ে যাওয়া পদ্ম পাতাতে চিড়া সহ সহ বিভিন্ন আয়োজনে সবাই উচ্ছাস প্রকাশ করেন। ভবিষ্যতে এ জাতীয় অনুষ্ঠানে নিয়মিত করার জন্য আহবান জানান অনুষ্ঠান কর্তৃপক্ষ কে।

দামুড়হুদা লোকনাথপুর প্রিমিয়ার লীগ ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

“খেলবে তরুণ জিতবে দেশ, মাদক মুক্ত আগামীর বাংলাদেশ ” এই প্রতিপাদ্য নিয়ে দামুড়হুদা উপজেলার লোকনাথপুর জাগরণী সংসদ ক্লাবের আয়োজনে লোকনাথপুর প্রিমিয়ার লীগ (এলপিএল) ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকাল ৪টার দিকে লোকনাথপুর হেলিপোর্ট মাঠে এ টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

প্রিমিয়ার লীগ ক্রিকেট টুর্নামেন্টের প্রধান সমন্বয় জিল্লুর রহমান খোকন বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু। এ সময় প্রধান অতিথি’ আলী মুনছুর বাবু বলেন, খেলাধুলা শরীর স্বাস্থ্য মন সবকিছুই ভালো রাখে, সবচেয়ে বড় কথা খেলাধুলা করলে

মাদক থেকে দূরে থাকা যায়। এ সময় তিনি সকল অভিভাবককে তাদের সন্তানদেরকে খেলাধুলা করার জন্য মাঠে পাঠানোর আহ্বান জানান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. মোহাম্মদ ইয়ামিন, দামুড়হুদা মডেল থানার এসআই মহিবুল, হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, দামুড়হুদা মডেল মসজিদের পেশ ইমাম হাফেজ মাও মামুনুর রশীদ, ওর্য়াড আওয়ামী লীগের সভাপতি মহিদুল হক সেন্টু, ওর্য়াড আওয়ামী লীগের সভাপতি আব্দুল রহমান, হাউলি ইউনিয়ন পরিষদের সদস্য রিকাত আলি, সম্পান শাহ, হাসান শাহ, রাসেল শাহ,হাউলী ইউনিয়ন ছাত্র লীগের আহবায়ক রাসেল আহাম্মেদ, লোকনাথপুর জাগরণী সংসদ এর সভাপতি নাহিদুল ইসলাম অনিক বিশ্বাস, সাধারণ সম্পাদক মিঠুন হোসেন, প্রমূখ।

ফাইনাল ক্রিকেট খেলায় যে দুটি দল অংশ গ্রহণ করেন তারা হলেন রাজ একাদশ ভেমরুল্লা বনাম উজ্জ্বল লাইব্রেরি দর্শনা। টসে জিতে প্রথমে রাজ একাদশ ব্যাট করার সিদ্ধান্ত নেন।প্রথমে ব্যাট করতে নেমে ১৬ ওভারে রাজ একাদশ ৪ উইকেটে ২৩৪ রান করে পরে ২৩৫ রানের টার্গেট নিয়ে উজ্জ্বল লাইব্রেরি ব্যাট করতে নেমে ১৬ ওভারে ৯ উইকেট হারিয়ে ১৮০ রান করতে সক্ষম হয়। ৫৪ রানে রাজ একাদশ চাম্পিয়ন হয়। খেলায় চাম্পিয়ান দলকে ১৫ হাজার টাকার প্রাইজ মানি ও চাম্পিয়ান ট্রফি প্রদান করা হয়। আর রানারআপ দলকে ১০ হাজার টাকা প্রাইজ মানি ও রানার্সআপ ট্রফি প্রদান করা হয়। খেলাটি পরিচালনা করেন মো: হাসান ও জামাল উদ্দিন।

আলমডাঙ্গায় এসএসসি-৮৭ ব্যাচের দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত

আলমডাঙ্গায় এসএসসি-৮৭ ব্যাচের বন্ধু সংগঠন ব্লুসম গার্ডেনের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

” বন্ধু পাশে আছি, এ প্রত্যাশা নিয়ে যে সকল বন্ধু-বান্ধবী চির

বিদায় নিয়েছে তাদের রুহের মাগফিরাত কামনা ও যারা রোগাক্রান্ত তাদের রোগমুক্তি প্রবাসি ও স্থানীয় সকল বন্ধু-বান্ধীর সার্বিক মঙ্গল কামনায় আজ সোমবার স্থানীয় হ্যামলেট ক্যাফেতে এ দোয়া ও ইফতান মাহফিল অনুষ্ঠিত হয়।

এর পূর্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন ব্লুসম গার্ডেনের সভাপতি আনোয়ার হোসেন। সংগঠনের সাধারণ সম্পাদক মনিরুজ্জামানের পরিচালনায় বক্তব্য রাখেন মিজানুর রহমান মিজান, আমিনুল ইসলাম লিন্টু, রবিউল হক, রফিকুল ইসলাম।

এ সময় উপস্থিত ছিলেন বান্ধবীর মধ্যে রানু, সাহেরা, কাজলী, প্রভা, বিথি মুন্নি, বন্ধুদের মধ্যে মাহবুবুল করিম উজ্জল, এ্যাডভোকেট মাজেদুর রহমান, এনাম আহম্মেদ, বিজেশ রামেকা, প্রশান্ত বিশ্বাস, ফিরোজ ইফতেখার, সন্টু, মিজান, আমিনুল, চান্দু, পিয়াল, ইসমাইল হোসেন, মহন, মজনু, কোহিনুর, টিলু, সাগর, মশিউর রহমান, কামরুল, বাকি বিল্লাহ, শিলু প্রমুখ।

ইফতার মাহফিলে দোয়া পরিচালনা করেন হাফেজ ওমর ফারুক।

দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে ইফতার মাহফিল

দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু’র উদ্যগে সদর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকেল সাড়ে ৫টার সময় দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজ মাঠ প্রাঙ্গণে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ এর সভাপতিত্বে ইফতার মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মো: আলী মুনছুর বাবু।

এসময় আরও উপস্থিত ছিলেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা

খাতুন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, আওয়ামী লীগ নেতা সেলিম উদ্দিন বগা, ইসমাইল হোসেন, উপজেলা শ্রমিক লীগের সভাপতি হাজী আব্দুল কাদির, ইউপি সদস্য হাসান আলী, মতিয়ার রহমান, নূরুল ইসলাম, সুমন আলী, লিয়াকত আলী, উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু সহ সদর ইউনিয়নের সকল ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি, সাধারণ সম্পাদক প্রমূখ।

দোয়া মাহফিল পরিচালনা করেন দামুড়হুদা মডেল মসজিদের পেশ ইমাম মুফতি মামুনুর রশীদ।

আলমডাঙ্গায় এমএ মান্নান রতন জমিদারের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত

আলমডাঙ্গায় আমেরিকা প্রবাসী এমএ মান্নান রতন জমিদারের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সন্ধ্যায় উপজেলার জামজামি ইউনিয়নের ভোদুয়া নতুন ঈদগা ময়দানে ১৪ তম দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

ইফতার মাহফিলে সার্বিক সহযোগীতা করেন ভোদুয়া গ্রামের সর্বস্তরের যুব সমাজ।

ইফতার মাহফিল অনুষ্ঠানে ভোদুয়া গ্রামের সর্বস্তরের প্রায় তিন হাজার রোজাদার অংশগ্রহণ করেন। এর আগে প্রবাসী এমএ মান্নান রতন জমিদার ও তার পরিবারের প্রতি দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

জানাগেছে, প্রতিবছরের ন্যায় এবারও আমেরিকা প্রবাসী এমএ মান্নান রতন জমিদারের উদ্যোগে প্রায় তিন হাজারের উর্ধে রোজাদারগণের ইফতারি বিতরণ করা হয়েছে। গশনিবার বিকেল সাড়ে ৪ টার পর থেকে ভোদুয়া গ্রামের সাধারণ রোজাদার একে একে নতুন ঈদগাহ মাঠে আসতে থাকেন। এমএ মান্নান রতন জমিদারের অনুপস্থিতিতে সার্বিক দায়িত্বপালন করেন ভোদুয়া গ্রামের কয়েকশো যুবক। মাহে এই রমজানে

এমন আয়োজনে গ্রামের সাধারণ মানুষ অনেক খুশি হয়েছে। ভোদুয়া গ্রামের যুব সমাজ ও আমেরিকা প্রবাসী এম এ মান্নান রতন জমিদার প্রতিবছর রমজান মাসে এ আয়োজন করে থাকেন।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জামজামি বাজার জামে মসজিদের খতিব মোঃ সাইফুল ইসলাম, ছত্রপাড়া জামে মসজিদের খতিব হাফেজ মোঃ আব্দুল মান্নান ও হাফেজ সাব্বির রহমান।